

...

সভাপতি	মোহাম্মদ রাজিবুল ইসলাম পরিচালক ও ইনোভেশন অফিসার
সভার তারিখ	৫ জানুয়ারি ২০২৩
সভার সময়	সকাল ৯.০০ টা
স্থান	ইনোভেশন অফিসার এর অফিসকক্ষ
উপস্থিতি	১) ড. মুহাম্মদ জিয়াউল ইসলাম, সিস্টেম এনালিস্ট ২) ড. মোঃ মোরশেদ আলম, উপপরিচালক (গবেষণা) ৩) মোহাম্মদ মাসুম রহমান, সহকারী প্রোগ্রামার

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি সভায় ২০২২-২৩ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক অগ্রগতির খসড়া রিপোর্ট উপস্থিত সদস্যদের নিয়ে বিস্তারিত আলোচনা করেন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত-১

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার স্বাক্ষরিত রিপোর্ট ১৫ জানুয়ারি ২০২৩ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে- জনাব মোহাম্মদ মাসুম রহমান, সহকারী প্রোগ্রামার

সিদ্ধান্ত-২

কর্মসম্পাদন সূচক ২.২.৪ মোতাবেক আওতাধীন দপ্তর আরপিএটিসিসমূহের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক অগ্রগতি/ প্রতিবেদন পর্যালোচনা পূর্বক প্রতিবেদন ৩১ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে- জনাব মোহাম্মদ মাসুম রহমান, সহকারী প্রোগ্রামার

সিদ্ধান্ত-৩

ত্রৈমাসিক ভিত্তিক বিপিএটিসির তথ্য বাতায়নের হালনাগাদ Snapshot সংরক্ষণ রাখতে হবে।

বাস্তবায়নে- জনাব মোঃ মামুন-অর-রশীদ, লাইব্রেরিয়ান।

সিদ্ধান্ত-৪

বিপিএটিসির ইনোভেশন টিমের সদস্যসচিব জানান, যে সকল দপ্তরের হার্ডনথি ও ইনথিতে রূপান্তরকরণের যে

রিপোর্ট পাওয়া গেছে, তাতে হার্ডনথি থেকে ইনথিতে রূপান্তরের শতকরা হার ৮৬.৯৬%। সভাপতি এ সংখ্যা ৯০% এর উপরে ব্যবহার করার উপর জোরারোপ করেন ও যে সকল দপ্তরের রিপোর্ট পাওয়া যায়নি তাদেরকে পুনরায় রিপোর্ট চেয়ে পত্র দিতে বলেন। এসঙ্গে ইনথির মাধ্যমে নোট নিষ্পত্তির জন্য সকল দপ্তরকে উৎসাহ প্রদানের জন্য ইনোভেশন টিমকে সহযোগিতা করার জন্য নির্দেশনা প্রদান করেন।

বাস্তবায়নে- ইনোভেশন টিম

সিদ্ধান্ত-৫

বিপিএটিসির 4iR কর্মপরিকল্পনা বাস্তবায়নে বারকোড প্রিন্টার দ্বারা যন্ত্রাংশসমূহের সনাক্তকরণে বারকোড ট্যাগিং করা এবং Cyber Security Awareness and Defense এর উপর কর্মকর্তা ও কর্মচারীদের যথাসময়ে ২টি কোর্স সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।

বাস্তবায়নে- ড. মুহাম্মদ জিয়াউল ইসলাম, সিস্টেম এনালিস্ট ও ড. মোঃ মোরশেদ আলম, উপপরিচালক (গবেষণা)

সিদ্ধান্ত-৬

বিপিএটিসির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক যথাসময়ে লক্ষ্যপূরণ ও বাস্তবায়নে সচেষ্ট থাকা এবং এসঙ্গে 4iR কর্মপরিকল্পনা বাস্তবায়নে সহযোগিতা প্রদান।

বাস্তবায়নে- ইনোভেশন টিম

সভায় আর কোনো আলোচনার বিষয়বস্তু না থাকায় সভাপতি অংশগ্রহণকৃত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমে সমাপ্তি ঘোষণা করেন।



মোহাম্মদ রাজিবুল ইসলাম
পরিচালক ও ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.১৫৪.০৬.০০১.১৮.৮

তারিখ: ২৯ পৌষ ১৪২৯

১৩ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সদস্য (সকল), ইনোভেশন টিম, বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ২) রেক্টর-এর একান্ত সচিব, বিপিএটিসি, সাভার, ঢাকা-১৩৪৩ (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) সহকারী পরিচালক, সাধারণ শাখা, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৪) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার-৪ এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)



মোহাম্মদ মাসুম রহমান

সহকারী প্রোগ্রামার ও সদস্য সচিব, ইনোভেশন
টিম